



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

গুলফেশী প্লাজা (৭ম তলা)
৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং-৮০

তারিখ: ২৫ পৌষ ১৪৩১
০৯ জানুয়ারি ২০২৫

প্রধান নির্বাহী কর্মকর্তা
সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (সকল)

বিষয়: ঋণক্ষয় সক্ষমতা সংরক্ষণ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর বিধি ৪৪ মোতাবেক ঋণ শ্রেণীবদ্ধকরণ ও সক্ষমতা সৃষ্টির বিধান রয়েছে।

২। সম্প্রতি দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের ১১টি জেলা যথা: ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, মৌলভীবাজার ও হবিগঞ্জ ভয়াবহ বন্যা কবলিত হয়। উক্ত জেলাসমূহে বসবাসকারী প্রান্তিক জনগণের আয় উৎসারী কর্মকান্ত অবগনীয় ক্ষতির সম্মুখীন হওয়ায় ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট শাখাসমূহে ঋণ আদায়ের হার স্বাভাবিক সময়ের চেয়ে অনেক হ্রাস পেয়েছে মর্মে ঐ অঞ্চলে কার্যরত একাধিক ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান হতে অথরিটিকে অবহিত করা হয়েছে।

৩। এ প্রেক্ষিতে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের বন্যা কবলিত জেলায় অবস্থিত শাখাসমূহের যে সকল ঋণ বন্যাজনিত কারণে অনাদায়ী/খেলাপী/শ্রেণী অবনতি হয়েছে সেসব ক্ষেত্রে কোন প্রতিষ্ঠান চাইলে ৩০ জুন ২০২৪ এর অনুরূপ শ্রেণী বিবেচনাপূর্বক ৩১ ডিসেম্বর ২০২৪ ডিভিসের ঋণক্ষয় সক্ষমতা সংরক্ষণ করতে পারবে। উল্লেখ্য, উক্ত ক্ষতিগ্রস্ত শাখাসমূহ ব্যতীত অন্যান্য স্থানে বিধি ৪৪ মোতাবেক ঋণক্ষয় সক্ষমতা সংরক্ষণ করতে হবে।

৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত

(মোঃ জিব্বার রহমান)

পরিচালক

লাইসেন্স, রেগুলেশন, পলিসি ও ল বিভাগ

ফোন: ৮৩৩২৫৩৮

ইমেইল: director.lic-regu@mra.gov.bd

স্মারক নং- ৫৩.০৪.০০০০.০২১.২২.০০৩.২৫- ৪৬

তারিখ: ২৫ পৌষ ১৪৩১
০৯ জানুয়ারি ২০২৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা;
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা;
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদফতর, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা;
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা;
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা;
৬. গভর্নর মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. অফিস কপি।

(মোঃ ফরিদুল হক)

যুগ্ম-পরিচালক